

উপজেলা পরিষদ কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-৪৬.০২.৩৯৫৮.০০০০.০১৪.০১.২২- ৭২

তারিখ: ২০/০৮/২০২২ ইং।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল সদস্যগনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির এক সভা আগামী ২৭/০৮/২০২২ ইং তারিখ বিকাল ১১.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে অনুষ্ঠিত হইবে। সকল সদস্যগনকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

(সমসাদ আরা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান
মাদারগঞ্জ, জামালপুর।

তারিখ: ২০/০৮/২০২২ ইং।

স্মারক নং-৪৬.০২.৩৯৫৮.০০০০.০১৪.০১.২২-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইলঃ

- ১। জেলা প্রশাসক, জামালপুর।
- ২। নিবাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জামালপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
- ৪। উপজেলা নিবাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ৫। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ৬। জনাব -----, -----, ----- সদস্য, আপনাকে
যথাসমেয় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**২৬/০২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ
কমিটির সভার কার্য বিবরণী :**

সভাপতির নাম : জনাবা সমসাদ আরা বেগম,
মহিলা ভাইস চেয়ারম্যান

ও

আহবায়ক,
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
মাদারগঞ্জ, জামালপুর।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।
সময় : ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিতি :

ক্র. নং	নাম ও পদবী	যোগাযোগ ব্যবস্থা ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির পদবী	স্বাক্ষর
১	চেয়ারম্যান, বালিজুড়ী ইউনিয়ন পরিষদ মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
২	জনাব বাবু অরুণ কুমার সাহা, চেয়ারম্যান, বিআরডিসি, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
৩	জনাব মোঃ আব্দুল হাই বুলু, প্রধান শিক্ষক, বালিজুড়ী এফএম উচ্চ বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
৪	জনাব নাজমা পারভীন মুন্নী, সাবেক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
৫	উপজেলা হিসাব রক্ষণ অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
৬	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য সচিব	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিত্ত্বমে সদস্য সচিব ও উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিতি সকলকে এই মর্মে অবগত করেন যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে মাদারগঞ্জ উপজেলায় প্রায় ১০০.০০ কোটি টাকার উন্নয়ন মূলক কাজ চলমান আছে। যাহার অংশগতি প্রায় ৬০%। কিন্তু পর্যাপ্ত পরিমাণে বরাদ্দ না থাকায় উন্নয়ন মূলক কাজ গুলো দ্রুত সমাপ্ত করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রস্তাব অনুযায়ী পরবর্তীতে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়। বালিজুড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাবেক সভায় জানান যে, বরাদ্দ স্বল্পতার জন্য তাহার এলকায় উন্নয়ন মূলক কাজ বাস্তবায়নে সমস্যা হচ্ছে। উপজেলা সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, সরকারী অর্থ কোন ভাবেই অপচয় করা যাবে না এবং সঠিক পরিকল্পনার মাধ্যমে যথাযথ ভাবে সরকারী অর্থ খরচ করতে হবে। উপজেলা হিসাব রক্ষণ অফিসার সভায় জানান যে, বরাদ্দকৃত অর্থ সরকারী নিয়ম মোতাবেক ছাড় করা হচ্ছে।

সিদ্ধান্ত : মাদারগঞ্জ উপজেলাধীন বরাদ্দকৃত সরকারী অর্থ কোন ভাবেই অপচয় করা যাবে না এবং সঠিক পরিকল্পনার মাধ্যমে যথাযথ ভাবে সরকারী অর্থ খরচ করার সিদ্ধান্ত সর্বসম্মতিত্ত্বমে গৃহীত হয়।

আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সমসাদ আরা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

আহবায়ক,
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
মাদারগঞ্জ, জামালপুর।